42

দৈনিক ইনকিলাব

তারিখ ... 24 FEB 1997 ...
পৃষ্ঠা ৮ কলাম ৮

# ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে প্রশ্ন কেন ১৪ মাস দেরি করে ফল প্রকাশিত হলো

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবস্থাপনা বিভাগকে ধন্যবাদ। ধন্যবাদ এজন্য যে, ১৯৯২ সালের স্নাতকোত্তর চূড়ান্ত পর্বের পরীক্ষা (সনাতন) ১৯৯৫ সালে ডিসেম্বরে গ্রহণ করে ছাত্র-ছাত্রীদের পিছিয়েছেন ৩ বছর। এটা অবশ্য গা সওয়া হয়ে গেছে, কারণ ঢাকা বিশ্ববিদ্যালয় ৩ বছর পিছিয়ে এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় ৪ বছর পিছিয়ে, এ রীতি গত ৮ বছর ধরে চালু রয়েছে। কিন্তু ১৯৯৫ সালের নভেম্বর-ডিসেম্বরে, গৃহীত পরীক্ষার ফলাফল দীর্ঘ ১৪ মাস পরে ১৯৯৭ সালের ফেব্রুয়ারীতে প্রকাশ করে কি পরিমাণ দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন, এ কথার জবাব দেবে কে?

জবাব সম্ভবত ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান সাহেবকেই দিতে হবে। কারণ খোঁজ নিয়ে জানা গেছে, তিনি চূড়ান্ত হয়ে যাওয়া ফলাফলের তালিকা তার আলমিরাতে বন্দী করে রেখে বিদেশে চলে গিয়েছিলেন। খোঁজ নিতে গেলে ছাত্র-ছাত্রীদের জানানো হয়েছে তিনি ফিরে না এলে ফলাফল প্রকাশ করা হবে না।

পরীক্ষা শেষ করে আমি চাকরি নিয়ে কুয়েতে এসেছি, পাস করার কাগজপত্র প্রতি মুহূর্তেই দরকার হচ্ছিলো, কিন্তু দুর্ভাগ্য আমার সেই কাগজপত্র পেতে আমাকে অপেক্ষা করতে হলো দীর্ঘ ১৪ মাস।

সামসুল আরেফিন
ফাহাহিল, কুয়েত।